



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং-ঢাশিবো/বি/৪০৯/কিশ/৫৪৯

তারিখ : ০৮/০৬/২০২২

বিষয় : মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ০১/০৬/২০২২ তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১১.২১.১৩৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, কিশোরগঞ্জ জেলার সদর উপজেলাধীন আলহাজ্ব সামছুদ্দিন ভূঞা উচ্চ বিদ্যালয় কে ০১/০১/২০২২ ইং হইতে ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছরের জন্য নিম্নবর্ণিত শর্ত আরোপ করে মাধ্যমিক পর্যায়ে মানবিক বিভাগে একাডেমিক স্বীকৃতির প্রদান করা হলো।

শর্তসমূহ :

- ১। এ অস্থায়ী স্বীকৃতি প্রদানের ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না।
- ২। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে অস্থায়ী স্বীকৃতি প্রত্যাহার করা হবে।
- ৩। বিদ্যালয়ের শিক্ষারমান উন্নয়নের জন্য শিক্ষকে পাঠভিত্তিক পাঠপত্রিকল্পনা প্রস্তুত করে শ্রেণী কক্ষে পাঠদান দিতে হবে।
- ৪। বিদ্যালয়ের লেখা-পড়ার পাশাপাশি সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান) পরিচালনা করতে হবে।
- ৫। জেএসসি পরীক্ষায় কমপক্ষে ৭০% পরীক্ষার্থী উত্তীর্ণ হতে হবে।
- ৬। বিদ্যালয়ের চারিপার্শ্বে মূল্যবান ফলজ ও বনজ বৃক্ষ রোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ৭। সরকারী নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক/শিক্ষিকা নিয়োগ থাকতে হবে এবং প্যাটার্ণ বহির্ভূত কোন শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করা যাবে না।
- ৮। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ৯। বোর্ডের পরামর্শক্রমে আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট উন্নয়ন করতে হবে।
- ১০। বিদ্যালয়ে নিয়োগকৃত ও ভবিষ্যতে নিয়োগযোগ্য জনবলের বেতন-ভাতাদি নিজস্ব তহবিল হতে বহন করতে হবে।
- ১১। নামকরণের ক্ষেত্রে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা সংরক্ষিত তহবিলে রাখতে হবে এবং উক্ত টাকা জেলা শিক্ষা অফিসার ও প্রধান শিক্ষকের যৌথ স্বাক্ষরে উত্তোলন করা যাবে।
- ১২। বিদ্যালয়ের দৃশ্যমান একটি কক্ষে মুজিব কর্নার স্থাপন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

আলহাজ্ব সামছুদ্দিন ভূঞা উচ্চ বিদ্যালয়

পো : + উপজেলা :- সদর

জেলা :- কিশোরগঞ্জ।

মেমো নং- ৫৪৯(৯)

তারিখ : ০৮/০৬/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, বেনবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৪। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ৫। জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর, কিশোরগঞ্জ।
- ৭। আলহাজ্ব সামছুদ্দিন ভূঞা উচ্চ বিদ্যালয়, সদর, কিশোরগঞ্জ।
- ৮। পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা।
- ৯। অফিস কপি।


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।


৭/৬/২০২২